# Times Today BD

জেলা প্রতিনিধি | চট্টগ্রাম | 04 May, 2025

গাজীপুরে জাতীয় নাগরিক পার্টির (এনসিপি) দক্ষিণাঞ্চলের মুখ্য সংগঠক হাসনাত আব্দুল্লাহর ওপর হামলার প্রতিবাদে বিক্ষোভ মিছিল অনুষ্ঠিত হয়েছে কুমিল্লার দেবিদ্বারে।রোববার (৪ মে) রাত সাড়ে ৮টার দিকে পৌর সদরে এই বিক্ষোভে অংশ নেন শত শত শিক্ষার্থীসহ বিভিন্ন শ্রেণি-পেশার মানুষ।

বিক্ষোভের আয়োজন করে জাতীয় নাগরিক পার্টি (এনসিপি) এবং বৈষম্যবিরোধী ছাত্র আন্দোলন।মিছিলটি পৌর শহরের গুরুত্বপূর্ণ সড়ক প্রদক্ষিণ করে।মিছিলকারীদের হাতে ছিল মশাল ও প্রতিবাদী প্ল্যাকার্ড।তারা সরকারের বিরুদ্ধে নানা স্লোগান দেন।

মিছিলে ব্যবহৃত উল্লেখযোগ্য স্লোগানগুলোর মধ্যে ছিল–

‘হাসনাতের কিছু হলে, জ্বলবে আগুন ঘরে ঘরে’,

‘আওয়ামী লীগের দালালেরা, হুঁশিয়ার সাবধান’,

‘ইনকিলাব ইনকিলাব, জিন্দাবাদ জিন্দাবাদ’,

‘হাসনাতের ভয় নাই, রাজপথ ছাড়ি নাই’,

‘আওয়ামী লীগের ঠিকানা, এই বাংলায় হবে না’।

এসময় বক্তারা বলেন, “হাসনাত আব্দুল্লাহর ওপর হামলা শুধু একজন নেতার ওপর নয়, এটা গণতন্ত্র ও মতপ্রকাশের ওপর হামলা।এর প্রতিবাদে আমরা রাজপথ ছাড়বো না।হামলাকারীদের দ্রুত গ্রেপ্তার ও দৃষ্টান্তমূলক শাস্তি চাই।”

এ ঘটনায় এলাকায় উত্তেজনা বিরাজ করছে।নিরাপত্তা পরিস্থিতি নিয়ন্ত্রণে স্থানীয় প্রশাসনের পক্ষ থেকে অতিরিক্ত পুলিশ মোতায়েন করা হয়েছে বলে জানা গেছে।

এনসিপি হাসনাত আব্দুল্লাহ জাতীয় নাগরিক পার্টি বিক্ষোভ

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 28 June, 2025 20:40

URL: https://www.timestodaybd.com/chittagong/1916775807